

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ২৯, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ

বাস্তবায়ন শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ই পৌষ ১৪০৫/২৮শে ডিসেম্বর ১৯৯৮

এস, আর, ও নং ২৯৮-আইন/৯৮/অম/অবি(বাস্ত-১)জাঃবেঃ স্কেল-৫/৯৭-২৯৪—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর Section 5-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২৬৬ আইন/৯৭ইং/অম/অবি (বাস্ত-১)জাঃ বেঃ স্কেল-৫/৯৭/২৪৭, তারিখ ১৪ই নভেম্বর, ১৯৯৭ এর মাধ্যমে জারীকৃত চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরোক্ত আদেশের অনূচ্ছেদ ১৮ এর পর নিম্নরূপ অনূচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথাঃ

- “১৮ক। ১লা জুলাই, ১৯৯৮ হইতে প্রাপ্য উৎসব ভাতা।—(১) অনূচ্ছেদ ১(৩)(খ), ১২ বা ১৮ তে উৎসব ভাতা সম্পর্কে ভিন্নরূপ বাহা কিছই থাকুক না কেন, এই আদেশ প্রযোজ্য হয় এইরূপ সকল ব্যক্তিকে ১লা জুলাই, ১৯৯৮ তারিখে বা উহার পরবর্তীতে তাহাদের প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতা প্রদেয় হইবে।
- (২) ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে ৩১শে ডিসেম্বর, ১৯৯৮ তারিখের মধ্যে কোন ব্যক্তি উৎসব ভাতা উত্তোলন করিয়া থাকিলে এবং উক্ত ভাতা উপ-অনূচ্ছেদ (১) অনুসারে তাহার প্রাপ্য উৎসব ভাতা অপেক্ষা কম হইলে অবশিষ্টাংশ বকেয়া হিসাবে তাহাকে প্রদেয় হইবে।

(১০০৯৯)

মূল্য : টাকা ১.০০

- (৩) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগের স্মারিক (আদেশ) নং অম/অবি(বাস্ত-৪) এফবি-১২/৮৬/২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং সময় সময় সরকার কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অনুসরণ করিতে হইবে।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলি খান

অর্থসচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়,
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।